আলমডাঙ্গায় নৌকার নির্বাচনী জনসভা সফলের লক্ষে মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির আলমডাঙ্গায় নির্বাচনী জনসভা সফল করার লক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আগামি ৪ জানুয়ারী বৃহস্পতিবার এ টিম ফুটবলে মাঠে এ নির্বাচনি জনসভার লক্ষে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপজেলা ও পৌর এবং ইউনিয়ন আওয়ামীলীগসহ তার সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নির্বাচনী জনসভা সফলের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার বলেন,দলের সভানেত্রী শেখ হাসিনা আমাকে নৌকা প্রতিক দিয়েছেন। নৌকা প্রতিককে বিজয়ী করার লক্ষে আপনারা ঐক্যবদ্ধ ভাবে কাজ করেন । নিজেদের মধ্যে কোন বিভেদ সৃষ্টি করবেন। আগামী ৪ জানুয়ারীর নির্বাচনী জনসভা সফল করার জন্য সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করেন। যারা প্রকৃত আওয়ামীলীগ করেন আমি বিশ্বাস করি তারা অবশ্যই নৌকায় ভোট দেবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি খোস্তার জামিল, প্রশান্ত অধিকারী,সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির সাংগাঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল হক পানু, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, হারদী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা। আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও